ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৯৩ ● কলকাতা ● ২৩ চৈত্র, ১৪৩১ ● রবিবার ● ০৬ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# রামনবমীতেও খোলা নবান্ন, থাকবেন জাভেদ শামিম, সর্বোচ্চ স্তরে নজরদারি





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সুষ্ঠুভাবে রামনবমী পালন করতে রাজ্যজুড়ে কড়া নিরাপত্তা প্রস্তুতি রয়েছে পুলিশ প্রশাসনের। অশান্তির আশঙ্কা থাকায় সর্বোচ্চ প্রশাসনিক স্তরে নজরদারি চালানোর জন্য এবার নবান্নও খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হল। রবিবার, ছুটির দিন হওয়া সত্ত্বেও খোলা থাকছে রাজ্যের মূল প্রশাসনিক ভবন।এই পরিস্থিতিতে রাজ্যের পদস্থ পুলিশকর্তাদের নিয়ে শনিবার নবান্নে একটি পর্যালোচনা বৈঠক করেন মুখ্যসচিব মনোজ পন্থ। জেলাস্তরে পুলিশের প্রস্তুতি রিপোর্ট খতিয়ে দেখা হয়। সেখানেই সিদ্ধান্ত হয়, রামনবমীতে ছুটি নয়। খোলা রাখা হবে নবান্ন। রাজ্য পুলিশের এডিজি, আইনশৃঙ্খলা জাভেদ শামিম নিজে উপস্থিত থাকবেন কন্ট্রোল রুমে। নজর রাখবেন গোটা রাজ্যের পরিস্থিতির উপর। এদিন কাজের কোনও নির্ধারিত সময় নেই। মিছিল যেমন সময় হবে, সেই অনুযায়ী ডিউটি করতে হবে পুলিশকে। প্রত্যেক

এরপর ৩ পাতায়


## এবার চাকরি বাতিলকাণ্ডে নবান্ন অভিযানের ডাক




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

রাতারাতি চাকরি হারিয়ে দুশ্চিন্তার প্রহর কাটছে চাকরিহারা শিক্ষকদের। এদিনই চাকরিহারা শিক্ষকদের একাংশ দেখা করেছেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের সঙ্গে। তবে, এবার চাকরি বাতিলকাণ্ডে নবান্ন অভিযানের ডাক দিল একাংশ। ২১ এপ্রিল নবান্ন অভিযানের ডাক দিল বঞ্চিত চাকরিপ্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারা ঐক্যমঞ্চ। তাঁদের পাশে

এরপর ৩ পৃষ্ঠায়






# ক্রিমিনাল কেস করলেই ওরা সব বলে দেবে: জহর সরকার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

এত বড় অন্যায় বাংলার ইতিহাসে খুব কম হয়েছে।' প্রায় ২৬ হাজার শিক্ষক-শিক্ষাকর্মীর চাকরি বাতিল হওয়ার রায় প্রসঙ্গে এমনটাই বললেন রাজ্যসভার প্রাক্তন তৃণমূল সাংসদ জহর সরকার। তিনি বলেন, 'কত লোকের কাছ থেকে পয়সা নেওয়া হয়েছে, এটা বিচার করা যাচ্ছে না। কত লোকের ভবিষ্যত যে ওরা নষ্ট করল, সেটা ওরাও জানে না।'আবার কি নিয়োগে এমন দুর্নীতি হবে? এই প্রশ্নের উত্তরে জহর সরকার বলেন, "মনে হয় না আর আস্পর্ধা পাবে। জানি না কার বুদ্ধিতে করেছিল। ভেবেছিল সহজ উপায়ে টাকা তোলা যাবে। তবে এটা বারবার রিপিট করতে পারবে না। এবার থেকে ওএমআর নষ্ট করতে পারবে না, মিরর কপি রাখতে হবে।" সেই সঙ্গে জহর সরকারের মতে, এই মুহূর্তে তারাই শিক্ষা দিতে পারে, যারা টাকা দিয়ে চাকরি পেয়েছিল। প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় অনেক বোকামি করেছিল বলেও মন্তব্য করেছেন জহর সরকার।

তিনি আরও উল্লেখ করেন, একসময় তিনিও শিক্ষা সচিব ছিলেন, কিন্তু এসব করার কথা মাথাতেও আসেনি। বাম আমলে দুর্নীতির কথা উল্লেখ করলেও জহর সরকারের দাবি, এত বেশি হারে কখনও দুর্নীতি হয়নি।যোগ্য শিক্ষকদের চাকরি গেল কেন! এই প্রশ্ন তুলে জহর সরকার বলেন, "যারা টাকা দিয়ে চাকরি পেয়েছিল, তাদের বিরুদ্ধে এখন ক্রিমিনাল কেস করা হলে, তারা বলে দেবে কাকে টাকা দিয়েছে।" তাঁর দাবি, সরকারকে দায়বদ্ধ থাকতেই হবে।

# মোল্লা ইউনূসের 'অবৈধ' সরকারের হাতে হাসিনাকে তুলে দেবে না দিল্লি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**নয়াদিল্লি:** বাংলাদেশের তদারকি সরকারের হাতে দিল্লিতে আশ্রয় নেওয়া শেখ হাসিনাকে তুলে না দেওয়ার সিদ্ধান্তে অটল রয়েছে মোদি সরকার। শনিবার (৫ এপ্রিল) বিদেশ মন্ত্রকের এক আধিকারিক জানিয়েছেন, 'বাংলাদেশের তদারকি সরকার যেহেতু রাজনৈতিক প্রতিহিংসাপরায়ণ এবং মুক্তিযুদ্ধ বিরোধী, তাই শেখ হাসিনাকে ঢাকায় ফেরত পাঠালে তাঁর প্রাণনাশের সম্ভাবনা রয়েছে। গতকাল শুক্রবার বিমসটেক সম্মেলনের

এরপর ৫ পাতায়

# বিদেশি পর্যটকদের আহ্বান যোগীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**লখনউ:** এবার আন্তর্জাতিক মঞ্চে খুলতে চলেছে উত্তরপ্রদেশে পর্যটনের দরজা। দুবাইতে আগামী ২৮ এপ্রিল থেকে ১ মে পর্যন্ত চলবে অ্যারাবিয়ান ট্রাভেল মার্ট। যেটি পর্যটন শিল্পের আন্তর্জাতিক মঞ্চ। সেখানে উত্তরপ্রদেশের সবুজ প্রকৃতি, ইতিহাস ও মহান সংস্কৃতিকে তুলে ধরবে যোগী আদিত্যনাথ সরকার। উত্তরপ্রদেশ সরকারের পর্যটন বিভাগ তাদের ওয়েবসাইট এবং অ্যাপেরও প্রচার চালাবে আন্তর্জাতিক পর্যটন মেলায়। যে ওয়েবসাইট এবং অ্যাপে রয়েছে তাজমহলের রাজ্য ভ্রমণের বিষয়ে বিস্তারিত। অ্যারাবিয়ান ট্রাভেল মার্টে রাজ্যের প্যাভিলিয়নে বিদেশি পর্যটকরা মুগ্ধ হবেন গানে গানে। উত্তরপ্রদেশের বিভিন্ন প্রান্তের লোকসঙ্গীতের আয়োজন থাকছে সেখানে। মূল উদ্দেশ্য হল রাজ্যে ভিন দেশি পর্যটকের সংখ্যা বাড়ানো।মনে করা হচ্ছে, এর ফলে যোগীরাজ্যে বাড়বে বিদেশি পর্যটকের সংখ্যা। এইসঙ্গে অতিরিক্ত বিদেশি মুদ্রাও আয় হবে।

অ্যারাবিয়ান ট্রাভেল মার্টে ঝলমলে রোড শো করবে উত্তরপ্রদেশ সরকারের পর্যটন বিভাগ। এছাড়াও অনুষ্ঠানস্থলে ৫০ স্কয়ার মিটারের প্যাভিলিয়নে রাজ্যটির নানা সমৃদ্ধ দিক তুলে ধরবে যোগী সরকার। যেমন সুফি সংস্কৃতি, নদী, স্বাস্থ্য ও মানবকল্যাণ, গ্রামীণ পরিবেশ পর্যটন ইত্যাদি বিষয়গুলিকে তুলে ধরা হবে। দর্শনার্থীরা কনৌজের সুগন্ধির আকর্ষণ, আগ্রার রাজকীয় স্থাপত্য ও শৈল্পিকতা এবং বৃন্দাবনের ময়ূরনৃত্য, ঝাঁসির বুন্দেলি লোকনৃত্য এবং লখনউয়ের ধ্রুপদী কত্থক-সহ মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনার একটি সিরিজ উপভোগ করবেন।






(১ম পাতার পর)

# এবার চাকরি বাতিলকাণ্ডে নবান্ন অভিযানের ডাক

থাকার বার্তা দিয়েছেন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার। তিনি বলেন, "তাদের এই দাবি বা নবান্ন অভিযানের যে সিদ্ধান্ত তারা নিয়েছে তাকে আমরা পাশে থেকে সাহায্য করব। পাশে থেকে সমর্থন জানাচ্ছি। আমরাও ভবিষ্যতে নবান্ন অভিযান করব। যাঁরা চাকরি হারিয়েছেন তার সমাধান একটা অ্যাসপেক্ট, কিন্তু তার থেকেও বড় কথা কেন ঘটবে এ ধরনের ঘটনা ? কে দায়ী এরজন্য ? জোচ্চুরির জন্য দায়ী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর সরকার। মমতা বন্দ্যোপাধ্যায়ের ইস্তফা চাই। সেইজন্য প্রয়োজনে বিজেপিও আগামীদিনে নবান্ন অভিযান করবে।"বঞ্চনা ও দুর্নীতির প্রতিবাদ এবং স্বচ্ছভাবে সরকারি সকল শূন্যপদ পূরণ ও বঞ্চিতদের সুনিশ্চিত চাকরির দাবি নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছে।

এই মঞ্চের তরফে সাংবাদিক বৈঠক করে বলা হয়, " এখন রাজনীতি করার সময় নয়। আপনারা সবাই মিলে আসুন হাতে হাত ধরে ...যে প্রশাসনিক জায়গায় মুখ্যমন্ত্রী বসে ...এই ধরনের অন্যায়-অবিচার করে যাচ্ছেন, এখনই সেটা বন্ধ করতে হবে। আমরা যারা উপস্থিত হয়েছি, মঞ্চের প্রত্যেক প্রতিনিধির নবান্নের সভাঘরে আমাদের বৈঠক করে এবং কোনও প্রতিশ্রুতি নয়, বাস্তবায়ন করতে হবে। কোনও চুনোপুঁটির সঙ্গে আমরা বৈঠক করব না। আমরা মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করে ভোটের আগে আমরা সমস্যার সমাধান চাইছি। ভোট যাবে, আসবে। কিন্তু, প্রতিশ্রুতি কোনও রকমভাবে বাস্তবায়ন হয়নি। বর্তমানে সবাই ধর্ম নিয়ে ব্যস্ত। তাই আমরা সকাল ধর্মের মানুষকে বলছি, আমরা সবাই বঞ্চিত। সরকারি চাকরিটা আমাদের দরকার। মেধার ভিত্তিতে আমাদের চাকরিটা দরকার। পয়লা বৈশাখের মধ্যে যদি মুখ্যমন্ত্রী আমাদের সঙ্গে না বসেন, আমরা আজই ঘোষণা করে দেব, জীবন যখন বিপন্ন...সবাই চলো নবান্ন।"

# অষ্টাদশ লোকসভার চতুর্থ অধিবেশনে কর্মউৎপাদকতা ছিল প্রায় ১১৮ শতাংশ : লোকসভার অধ্যক্ষ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

অষ্টাদশ লোকসভার চতুর্থ অধিবেশন, যা ৩১ জানুয়ারি, ২০২৫ তারিখে শুরু হয়েছিল, সেটি আজ সম্পন্ন হয়েছে। এই উপলক্ষে লোকসভার অধ্যক্ষ শ্রী ওম বিড়লা বলেছেন যে এই অধিবেশনে ২৬টি বৈঠক হয়েছে, যা ১৬০ ঘন্টা ৪৮ মিনিট চলেছে। শ্রী বিড়লা আরও বলেন যে এই অধিবেশনের সময় লোকসভার কর্মউৎপাদকতা প্রায় ১১৮ শতাংশ ছিল।

ভারতের মাননীয় রাষ্ট্রপতি গত ৩১ জানুয়ারি, ২০২৫-এ সংসদের উভয় কক্ষের সদস্যদের সম্বোধন করেছিলেন এবং রাষ্ট্রপতির অভিভাষণের ধন্যবাদ প্রস্তাব নিয়ে ১৭ ঘন্টা ২৩ মিনিট আলোচনা হয়েছে। শ্রী বিড়লা বলেন যে এই আলোচনায় ১৭৩ জন সদস্য অংশগ্রহণ করেছেন।

অর্থমন্ত্রী ২০২৫ সালের ১ ফেব্রুয়ারি সংসদে ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেট পেশ করেন। এই কেন্দ্রীয় বাজেট নিয়ে সাধারণ আলোচনা ১৬ ঘন্টা ১৩ মিনিট হয়েছে। শ্রী বিড়লা বলেন

এরপর ৬ পাতায়

(১ম পাতার পর)

# রামনবমীতেও খোলা নবান্ন, থাকবেন জাভেদ শামিম, সর্বোচ্চ স্তরে নজরদারি

অফিসারকে নির্দিষ্ট দায়িত্ব বুঝিয়ে দেওয়া হয়েছে। ৯ তারিখ পর্যন্ত সকলের ছুটি বাতিল।জানা গিয়েছে, খোলা থাকছে পুলিশের কন্ট্রোল রুম। সেখানে বসে নিজে সবদিক নজরে রাখবেন এডিজি, আইনশৃঙ্খলা জাভেদ শামিম। থাকবেন পুলিশের অন্যান্য শীর্ষ কর্তারাও। রামনবমীতে রাজ্যজুড়ে প্রায় আড়াইশো মিছিল বেরনোর কথা। তার সবকটাই যাতে সুষ্ঠুভাবে শেষ হয়, সেটাই এই মুহূর্তে সবচেয়ে গুরুত্বপূর্ণ। আর নবান্নে বসে নজরদারি চালাবেন পুলিশকর্তারা।

ইতিমধ্যে রামনবমীতে রাজ্যের নিরাপত্তা নিয়ে যথেষ্ট কড়া পদক্ষেপ নিয়েছে পুলিশ। নির্দিষ্ট কয়েকটি রুটেই একমাত্র মিছিল করা যাবে। ওই রুটগুলিতে অশান্তি এড়াতে কড়া ব্যবস্থা নিচ্ছে লালবাজার। একইসঙ্গে রাজ্যের দশটি জেলা ও পুলিশ কমিশনারেটকে 'সংবেদনশীল' বলে ঘোষণা করা হয়েছে বাড়তি সতর্কতা গ্রহণ করা হয়েছে। এই তালিকায় রয়েছে আসানসোল, হাওড়া, হুগলি, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা-সহ জেলা ও জেলার কমিশনারেট। ওই দশটি জেলা ও পুলিশ কমিশনারেটে ২৯ জন দুঁদে আইপিএস অফিসারকে পাঠানো হচ্ছে। কোনও ধরনের গোলমাল শুরু হলেই যাতে দ্রুততার সঙ্গে ব্যবস্থা নেওয়া যায়, সেদিকে বাড়তি নজর রয়েছে পুলিশের।

# থাইল্যান্ডে বিমস্টেক শীর্ষ বৈঠকে পরম্পরাগত ওষুধের জন্য উৎকর্ষ কেন্দ্র তৈরির কথা ঘোষণা প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ব্যাঙ্ককে বে অফ বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টি সেক্টোরাল টেকনিক অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন (বিমস্টেক)-এর শীর্ষ বৈঠকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পরম্পরাগত ওষুধের গবেষণা ও প্রচারের জন্য উৎকর্ষ কেন্দ্র গড়ার কথা ঘোষণা করেন।

এই উদ্যোগের কথা ঘোষণা করে শ্রী নরেন্দ্র মোদী বলেন, "আমাদের যৌথ সামাজিক উন্নয়নের একটি উল্লেখযোগ্য স্তম্ভ হল জনস্বাস্থ্য। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, বিমস্টেক দেশগুলিতে ক্যান্সারের পরিচর্যায় প্রশিক্ষণ ও সক্ষমতা নির্মাণে ভারত সহযোগিতার হাত বাড়িয়ে দেবে। এক্ষেত্রে পরম্পরাগত ওষুধের গবেষণা ও প্রচারের জন্য একটি উৎকর্ষ কেন্দ্রও গড়ে তোলা হবে।" ভারত ও থাইল্যান্ডে পরম্পরাগত ওষুধের বলিষ্ঠ ব্যবস্থা রয়েছে। প্রধানমন্ত্রীর এই ঘোষণার ফলে এর গবেষণা ও উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য গতি আসবে। পরম্পরাগত ওষুধের গবেষণা ও চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়াতে দুই দেশই একসঙ্গে কাজ করে চলেছে। পরম্পরাগত ওষুধের শিক্ষার ক্ষেত্রেও পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র গড়ে তোলা হয়েছে। ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস (আইসিসিআর)-এর মাধ্যমে ভারত সরকারের আয়ুষ মন্ত্রক আয়ুষ বৃত্তি প্রকল্প চালু করেছে। এর মাধ্যমে আর্যুবেদ, ইউনানি, সিদ্ধা ও হোমিওপ্যাথিতে স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে পাঠরত পড়ুয়াদের বৃত্তি প্রদান করা হয়। গত ৫ বছরে বিমস্টেক দেশগুলির ১৭৫ জন ছাত্রছাত্রী এই বৃত্তি পেয়েছেন।

## সম্পাদকীয়

### বিহারে তৈরি 'জাল' জন্ম শংসাপত্রে পাসপোর্টের আবেদন, গ্রেপ্তার গার্ডেনরিচের যুবক

এবার বিহারে তৈরি ভুয়ো জন্ম শংসাপত্র জমা দিয়ে পাসপোর্টের আবেদন! কলকাতা পুলিশের হাতে গ্রেপ্তার যুবক। শুক্রবার রাতে অভিযুক্ত যুবককে গ্রেপ্তার করেছে কলকাতা পুলিশের সিকিউরিটি কন্ট্রোল অর্গনাইজেশনের আধিকারিকরা। যুবক এই ভুয়ো শংসাপত্র কী করে জোগাড় করল? পিছনে কোনও বড়সড় চক্র জড়িত আছে কি না, খতিয়ে দেখছে পুলিশ।ইতিমধ্যেই পাসপোর্ট জালিয়াতি কাণ্ড সামনে এসেছে। সেই কাণ্ডে একাধিক সন্দেহভাজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তদন্তকারীদের জালে ধরা পড়েছে কলকাতা পুলিশের প্রাক্তন এসআই থেকে রাজ্যে পুলিশের হোমগার্ডও। এই কাণ্ডের কিংপিন মনোজ গুপ্তও গ্রেপ্তার হয়েছে। এবার ভুয়ো শংসাপত্র দেখিয়ে পাসপোর্ট পাওয়ার চেষ্টায় গ্রেপ্তার হলেন গার্ডেনরিচের যুবক।পুলিশ সূত্রে জানা গিয়েছে, যুবকের নাম আজাদ আলম। তিনি গার্ডেনরিচ থানা এলাকার বাতিকলের বাসিন্দা। সম্প্রতি যুবক পাসপোর্টের আবেদন জানান। তার জন্য প্রয়োজনীয় নথি হিসাবে একটি জন্ম শংসাপত্রও জমা দেন অভিযুক্ত। কিন্তু ওই নথি যাচাই করার সময় সন্দেহ হয় এসসিও-র গোয়েন্দাদের। ওই নথি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে ফের যাচাই করার জন্য পাঠানো হয়। গোয়েন্দাদের দাবি, তারা জানতে পারেন যে, ওই শংসাপত্রটি জাল। এরপরই ভবানীপুর থানায় অভিযোগ দায়ের করা হয়।

আজাদ আলামকে এসসিও অফিসে ডেকে জেরা করা হলে যুবক স্বীকার করেন যে, বিহারের এক পরিচিতর থেকে এই শংসাপত্রটি জোগাড় করেছিলেন তিনি। পুলিশের মতে, বিহারের ওই ব্যক্তিটি জাল নথি তৈরির চক্রের সদস্য। এর আগেও বিহারে তৈরি জাল জন্ম শংসাপত্র এসেছিল এসসিও-র হাতে। যার মাধ্যমে এই ভুয়ো শংসাপত্র তৈরি করা হয়েছিল, তার সন্ধান চলছে বলে জানিয়েছে পুলিশ।

## জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(পনেরোতম পর্ব)



করলে উদগত বিষের দায়িত্বও বাসুকী মনসাকে দেন। শিব মনসাকে দেখে কামার্ত হয়ে পড়েন। কিন্তু মনসা প্রমাণ করতে সক্ষম হন যে তিনি শিবেরই কন্যা। আবদার করে কৈলাসে বাপের বাড়ি যাবার। শিব তার স্ত্রী পার্বতীর ভয়ে কন্যাকে নিতে চান না। পরে মন্দিরে ফুলের ডালিতে লুকিয়ে রাখেন। কিন্তু পার্বতী মনসাকে দেখে ফেলে। শিবের পত্নী চণ্ডী মনসাকে শিবের উপপত্নী মনে করেন। তিনি মনসাকে অপমান করেন এবং ক্রোধবশত তাঁর একটি চোখ দগ্ধ করেন। পরে শিব একদা বিষের জ্বালায় কাতর হলে মনসা তাঁকে রক্ষা করেন।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## যুক্তরাষ্ট্রকে সতর্কবার্তা, অবিলম্বে শুল্ক প্রত্যাহারের দাবি চীনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের উচ্চ শুল্ক নিয়ে এবার প্রতিক্রিয়া জানাল চীন। বেইজিং নতুন করে আরোপিত মার্কিন শুল্ক প্রত্যাহারের আহ্বান জানিয়েছে। একই সঙ্গে নিজেদের অধিকার ও স্বার্থ রক্ষায় যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নেওয়ার হুমকি দিয়েছে দেশটি। বৃহস্পতিবার চীন এ কথা জানিয়েছে। খবর রয়টার্সের।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিশ্বজুড়ে আমদানি পণ্যের ওপর ন্যূনতম ১০ শতাংশ শুল্কারোপ এবং গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদারদের ওপর কঠোর অতিরিক্ত শুল্ক আরোপের মাধ্যমে বিশ্বজুড়ে একটি সম্ভাব্য বাণিজ্যযুদ্ধের সূত্রপাত করেছেন বলে আশঙ্কা করা হচ্ছে। বেইজিংয়ের বাণিজ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, এসব শুল্ক আন্তর্জাতিক বাণিজ্য নীতিবিরোধী। এটা সংশ্লিষ্ট দেশগুলোর বৈধ অধিকার ও

এরপর ৫ পাতায়

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

যে অন্যায় করেছেন তার প্রতিদিনই রুষ্ট হয়েছেন ইনি হচ্ছেন শনি দেবতা।অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করার ক্ষমতা শনিদেবের মধ্যে ছিল চিরন্তন ভাবে। একজন মানুষকে যেভাবে অত্যাচার, অবিচার অনাচার, করলে তার ভিতরে যেমন ক্রোধ তৈরি হয়।

**ক্রমশঃ**


• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(২ পাতার পর)

# মোল্লা ইউনূসের 'অবৈধ' সরকারের হাতে হাসিনাকে তুলে দেবে না দিল্লি

এক ফাঁকে বৈঠকে বসেছিলেন বাংলাদেশের প্রধান উপদেষ্টা মোল্লা ইউনূস ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ওই বৈঠকেও শেখ হাসিনার প্রত্যর্পণের বিষয়টি ওঠে। ইউনূস অনুরোধ জানান, গণহত্যার বিচারের জন্য যেন শেখ হাসিনাকে ফিরিয়ে দেওয়া হয়। যদিও এ বিষয়ে স্পষ্ট কোনও আশ্বাসই দেননি মোদি। বরং আন্য প্রসঙ্গে তিনি চলে যান। এদিন বিদেশ মন্ত্রকের এক আধিকারিক (নামপ্রকাশে অনিচ্ছুক) বঙ্গবন্ধু কন্যাকে ফেরত দেওয়ার বিষয়ে বলেন 'শেখ হাসিনার সময়ে দু'দেশের মধ্যে যে বন্দি বা অপরাধী প্রত্যর্পণ চুক্তি স্বাক্ষর হয়েছে, তা নিয়ে যথেষ্টই ওয়াকিবহাল আমরা। ওই চুক্তির প্রতিটি ধারা ভাল করে খতিয়ে দেখা হয়েছে। অবৈধভাবে বাংলাদেশের ক্ষমতা দখলকারী সরকারের কোনও অনুরোধকে গুরুত্ব দেওয়া হবে না। নির্বাচিত সরকার কোনও চিঠি দিলে সৌজন্য দেখিয়ে তার জবাব দেওয়া হত। বাংলাদেশে বর্তমানে তালিবানি শাসন চলছে। শেখ হাসিনার পক্ষে বাংলাদেশ এই মুহূর্তে নিরাপদ নয়। তাঁর প্রাণ সংশয়ের সম্ভাবনা রয়েছে। তাই আপাতত বঙ্গবন্ধু কন্যাকে ফেরানোর বিষয়টি ভাবা হচ্ছে না। জাতীয় সংসদ নির্বাচনের পরে নির্বাচিত সরকার ক্ষমতায় আসার পরেই এ বিষয়ে চিন্তাভাবনা করা হবে।'সেই কারণেই বঙ্গবন্ধু কন্যাকে ইউনূস সরকারের জমানায় ফেরত পাঠানো হবে না।সরকারের শীর্ষ মহল এ বিষয়ে নিজেদের সিদ্ধান্তে অটল।' গত ৫ অগস্ট সেনা বিদ্রোহের মুখে প্রাণ বাঁচাতে ঢাকা ছেড়ে পালিয়ে ছোট বোন শেখ রেহানাকে সঙ্গে নিয়ে দিল্লিতে এসে আশ্রয় নিয়েছেন বাংলাদেশের পদচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যদিও তিনি এখনও পর্যন্ত রাজনৈতিক আশ্রয় চাননি। জুলাই-অগস্টে কোটা সংস্কার আন্দোলনের সময়ে আন্দোলনকারীদের উপরে নির্বিচারে গুলি চালানোর অভিযোগ উঠেছিল বঙ্গবন্ধু কন্যার নেতৃত্বাধীন সরকারের পুলিশের বিরুদ্ধে। ওই গুলি চালানোর ঘটনায় শেখ হাসিনার বিরুদ্ধে বাংলাদেশের বিভিন্ন থানায় দুই শতাধিক খুন ও গুমের মামলা রুজু হয়েছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালেও শুরু হয়েছে বিচার। ইতিমধ্যেই ট্রাইব্যুনালের তরফে শেখ হাসিনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। গত ২৩ ডিসেম্বর বাংলাদেশের স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে বিদেশ মন্ত্রককে চিঠি দিয়ে বিচারের জন্য শেখ হাসিনাকে দিল্লি থেকে ফেরানোর জন্য উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ জানিয়ে চিঠি দেওয়া হয়। সেই চিঠির পরিপ্রেক্ষিতে বিদেশ মন্ত্রকের তরফ থেকে গত ১৩ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে ভারতের বিদেশ মন্ত্রকের কাছে শেখ হাসিনাকে বাংলাদেশে ফেরানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানিয়ে পত্র দেওয়া হয়। বঙ্গবন্ধু কন্যাকে ফেরত চাওয়ার ক্ষেত্রে দু'দেশের মধ্যে থাকা বন্দি প্রত্যর্পণ চুক্তিকেও হাতিয়ার করেছে মোল্লা ইউনূস সরকার।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




## নাম পরিবর্তন

আমি **অজয় দাস** (AJOY DAS) পিতা - নিত্যানন্দ দাস, ঠিকানা - গ্রাম - রেলা, পোস্ট - বন্ধুচক, থানা - বেলদআ, জেলা - পশ্চিম মেদিনীপুর। ফার্স্ট ক্লাস জুডিশিয়াল মেজিস্ট্রেট দাঁতন কোর্ট, Paschim Medinipur, West Bengal - এর Affidavit দ্বারা অজয় দাস (AJAY DAS) নামে পরিচিত হলাম। Affidavit No - 1861 Dated-29/03/2025। **অজয় দাস (AJOY DAS)** ও **অজয় দাস (AJAY DAS)** একই ব্যক্তি।

(৪ পাতার পর)

## যুক্তরাষ্ট্রকে সতর্কবার্তা, অবিলম্বে শুল্ক প্রত্যাহারের দাবি চীনের

স্বার্থের গুরুতর ক্ষতি করবে। মন্ত্রণালয়টি ওয়াশিংটনের প্রতি এসব শুল্ক 'অবিলম্বে বাতিল' করার আহ্বান জানিয়েছে। সতর্ক করে দিয়েছে যে এটি 'বিশ্বের অর্থনৈতিক উন্নয়নকে বিপন্ন করবে' এবং মার্কিন স্বার্থ এবং আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খলের ক্ষতি করবে।

ট্রাম্পের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার দেশগুলোর একটি হচ্ছে চীন। দেশটির ওপর বিশেষভাবে ৩৪ শতাংশ কঠোর শুল্কারোপ করেছেন ট্রাম্প। এ ছাড়া অন্যান্য দেশের মতো চীনের ওপরও ১০ শতাংশ ন্যূনতম শুল্ক প্রযোজ্য হবে।

এর আগে, গত মাসে চীনের সব পণ্যের ওপর ২০ শতাংশ শুল্কারোপ করেছিল যুক্তরাষ্ট্র। এর প্রতিক্রিয়ায় চীন সয়াবিন, শূকরের মাংস, মুরগির মাংসসহ বিভিন্ন মার্কিন কৃষিপণ্যের ওপর ১৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করে।

# সাংবাদিকদের সামাজিক কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা উচিত: ডঃ পাঠক

সুলতান এস. কুরেশি, সিনিয়র সাংবাদিক

**নয়াদিল্লি, ৫ এপ্রিল, ২০২৫ (এজেন্সি)।** সাংবাদিকদের আন্তর্জাতিক সংগঠন সার্ক জার্নালিস্ট ফোরাম (এসজেএফ) এর নির্বাহী চেয়ারম্যান এবং সুপরিচিত সিনিয়র সাংবাদিক ডঃ সমরেন্দ্র পাঠক বলেছেন যে সাংবাদিকদের সামাজিক কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা উচিত যাতে তাদের জনসংযোগ এবং গ্রহণযোগ্যতা অক্ষুণ্ণ থাকে।



ডঃ পাঠক আরও বলেন যে, দক্ষিণ এশিয়ার সাংবাদিকদের স্বার্থ রক্ষার জন্য লড়াই করার পাশাপাশি, এসজেএফ সামাজিক উদ্বেগের বিষয়গুলিতেও অগ্রণী ভূমিকা পালন করে, যা এটিকে অন্যান্য সংস্থা থেকে আলাদা করে তোলে। তিনি বলেন, সামাজিক সংগঠনগুলির সাথে সমন্বয় করে আমরা আরও ভালো কাজ করতে পারি। তিনি বলেন যে এটি ইউএনআই আন্দোলনে বেশ কার্যকর হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় কনস্টিটিউশন ক্লাবে আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সাংবাদিকদের সাথে অনানুষ্ঠানিকভাবে কথা বলছিলেন ডঃ পাঠক। তিনি বলেন, যে সংগঠনের কর্মসূচিতে তিনি যোগ দিতে এসেছেন, তারা নারীদের উন্নয়নের জন্য কাজ করে। এসজেএফের সদস্যরা এই ধরনের সামাজিক কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

এর আগে, "অমরেন্দ্র ফাউন্ডেশন" আয়োজিত "নারী ক্ষমতায়ন এবং লিঙ্গ সমতা" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখার সময়, ডঃ পাঠক বলেন যে তার সংস্থা এই ধরনের সামাজিক কাজের জন্য সম্ভাব্য সকল সহায়তা প্রদানের জন্য প্রস্তুত থাকবে।

এই উপলক্ষে নির্বাচিত ব্যক্তিত্বদের "ভারত বিভূতি সম্মান" প্রদান করা হয়, তাদের মধ্যে ছিলেন এইমসের সিনিয়র চক্ষু বিশেষজ্ঞ ডাঃ জে.। এস তিতলিয়াল, সিনিয়র ইউরোলজিস্ট ডঃ অনুপ কুমার, শিক্ষাবিদ মিঃ অমিতাভ সুকুল, মিসেস সুমন লতা শর্মা, সিনিয়র সাংবাদিক মিসেস শোভনা জৈন, শিক্ষাবিদ ডঃ রাজেশ কুমার সিং, ডঃ শৈলেশ চন্দ্র সহায়, ডাঃ মনীশ দেব এবং ডঃ কল্পনা আগরওয়াল অন্তর্ভুক্ত। একইভাবে, অধ্যাপক (ড.) লাভী শ্রীবাস্তব, শ্রীমতি পূজা আগরওয়াল এবং শ্রীমতি প্রনামি দেবীকে "নারী শক্তি বিভূতি সম্মান" প্রদান করা হয়।

(৩ পাতার পর)

# অষ্টাদশ লোকসভার চতুর্থ অধিবেশনে কর্মউৎপাদকতা ছিল প্রায় ১১৮ শতাংশ : লোকসভার অধ্যক্ষ

যে এই আলোচনায় ১৬৯ জন সদস্য অংশগ্রহণ করেছেন। অর্থমন্ত্রী ১১ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে এই আলোচনার জবাব দেন। ১৭-২১ মার্চ, ২০২৫ পর্যন্ত সংসদে নির্বাচিত মন্ত্রক ও বিভাগগুলিকে প্রদত্ত অনুদান নিয়ে আলোচনা হয়। তারপর সংসদ এই অনুদানগুলি মঞ্জুর করে। লোকসভায় ২১ মার্চ, ২০২৫ তারিখে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এবং ২৫ মার্চ, ২০২৫ তারিখে ফিনান্স বিল মঞ্জুর করা হয়েছে।

শ্রী বিড়লা আরও বলেন যে এই অধিবেশনের সময় ১০টি সরকারি বিলকে পুনর্মঞ্জুর করা হয় এবং ১৬টি বিলকে মঞ্জুর করা হয়। এগুলির মধ্যে কিছু গুরুত্বপূর্ণ বিল হল নিম্নরূপ –

(১) ফিনান্স বিল, ২০২৫

(২) অ্যাপ্রোপ্রিয়েশন বিল, ২০২৫

(৩) দ্য 'ত্রিভুবন' সমবায় ইউনিভার্সিটি বিল, ২০২৫

(৪) ওয়াকফ (সংশোধন) বিল, ২০২৫ এবং

(৫) ইমিগ্রেশন ও ফরেনার্স বিল, ২০২৫।

এই অধিবেশনের সময় ১৩৪টি চিহ্নিত প্রশ্নের মৌখিক উত্তর দেওয়া হয়। জিরো আওয়ারের সময় সদস্যরা ৬৯১টি জনস্বার্থ বিষয়ক প্রশ্ন উত্থাপন করেন। শ্রী বিড়লা বলেন যে, ৩ এপ্রিল, ২০২৫ তারিখে জনস্বার্থ বিষয়ক ২০২টি প্রশ্ন উত্থাপিত হয়, যা এখন পর্যন্ত যে কোনও লোকসভার একদিনের জিরো আওয়ারে উত্থাপিত প্রশ্নের তুলনায় রেকর্ড সংখ্যক। এই অধিবেশনের সময় রুল ৩৭৭-এর অধীন ৫৬৬টি প্রশ্ন উত্থাপিত হয়েছে। এই অধিবেশনের সময় প্রায় ৩২টি বক্তব্য রাখা হয়েছে যাতে ৭৩এ-র অধীন ২৩টি বক্তব্য রয়েছে।

এই অধিবেশনে বিভিন্ন বিভাগের স্থায়ী সমিতি দ্বারা ৬১টি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে ও সংসদে ২,৫১৮টি পেপার পেশ করা হয়েছে। মৎস্যজীবী সম্প্রদায়ের সমস্যাগুলি নিয়ে রুল ১৯৭-এর অধীন অ্যাটেনশন মোশন প্রস্তাবের আলোচনা ১ এপ্রিল, ২০২৫-এ করা হয়েছে। ২৮ মার্চ, ২০২৫-এ সংসদ সদস্য শ্রী সফি পরমবিল উত্থাপিত বেসরকারি সদস্যদের কাজে দেশে বিমান ভাড়া নিয়ন্ত্রণের সঠিক উপায়গুলি সম্পর্কে আলোচনা হয়েছে কিন্তু এই আলোচনা সম্পূর্ণ হয়নি।

২ এপ্রিল, ২০২৫ তারিখে মণিপুরে রাষ্ট্রপতি শাসন নিয়ে ঘোষণার স্ট্যাটুটারি রেজোলিউশন মঞ্জুর করা হয়েছে। অধিবেশনের সময় সংসদে ৩ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে রাশিয়ার ফেডারেল অ্যাসেম্বলির স্টেট ডুমার চেয়ারম্যান মহামান্য শ্রী ভ্যাচেস্লাভ ভোলোদিন-এর নেতৃত্বে ভারত সফরে আসা রাশিয়ার সংসদীয় প্রতিনিধিদলকে স্বাগত জানানো হয়। ১১ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে সংসদে মালদ্বীপের পিপলস মজলিসের স্পিকার মহামান্য শ্রী আব্দুল রহিম আব্দুল্লার নেতৃত্বে আগত মালদ্বীপের সংসদীয় প্রতিনিধিদলকে স্বাগত জানানো হয়। একইরকমভাবে, ১২ মার্চ, ২০২৫ তারিখে সংসদে ম্যাডাগাসকরের ন্যাশনাল অ্যাসেম্বলির প্রেসিডেন্ট মহামান্য শ্রী জাস্টিন টোকলের নেতৃত্বে ভারত সফরে আসা ম্যাডাগাসকরের সংসদীয় প্রতিনিধিদলকে স্বাগত জানানো হয়।

# সিনেমার খবর

## মা যখন কাঁদতেন, কিছুই করার থাকত না: হিনা খান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



সারাবিশ্বে মহিলাদের মধ্যে নানা ধরনের ক্যান্সারে আক্রান্ত হওয়ার সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। এ রোগে আক্রান্ত হওয়া থেকে বাদ পড়ছেন না তারকারাও। এবার এ রোগে আক্রান্ত হয়েছেন অভিনেত্রী হিনা খান। ক্যান্সারে আক্রান্ত হওয়া থেকে শুরু করে একের পরে এক কেমো নেওয়া— সমস্ত ঘটনাই সামাজিক যোগাযোগ মাধ্যমে ভক্ত-অনুরাগীদের মাঝে ভাগ করে নিয়েছেন তিনি।

অসুস্থতার সময়ে পাশে থেকেছেন অভিনেত্রীর মা। কিন্তু মাঝে মধ্যে ভেঙে পড়েছেন তিনিও। গোপনে চোখের জল ফেলেছেন। তবে ধরা পড়ে গিয়েছেন মেয়ের কাছে। সম্প্রতি এক সাক্ষাৎকারে এমনিই জানালেন হিনা।

মেয়ের থেকে নিজের যন্ত্রণা গোপন করতে বাড়ির বারান্দাতে ছুটে যেতেন হিনার মা। অভিনেত্রী বলেছেন, 'কষ্ট হলেই মা বাড়ির বারান্দায় ছুটে যেতেন বারান্দাতেই বেশ কিছু ক্ষণ বসে থাকতেন। আবার কখনও, সামলাতে না পেরে আমার সামনেও কেঁদে ফেলতেন।'

নামাজ পড়ার সময় সবচেয়ে বেশি কান্নাকাটি করতেন তিনি। হিনার কথায়, 'নামাজ পড়ার সময়ে মা খুব কাঁদতেন। খুব কষ্ট হত এই সময়গুলোতে। কিন্তু আমি নিজেকে শান্ত রাখতাম। যদিও এমন সময়ও এসেছে, নিজেকে সামলে রাখতে পারিনি এই সব দেখে। ভেঙে পড়তাম। মা যখন কাঁদতেন, কিছুই করার থাকত না। তবে মা যে ভাবে এই সময়ে নিজেকে সামলেছেন, আমার গর্ব হয়।'


২০২১-এর এপ্রিল মাসে বাবাকে হারিয়েছেন হিনা খান। বাবা বেঁচে থাকলে তার অসুখের খবরে আরও বেশি আতঙ্কিত হয়ে পড়তেন বলে মনে করেন অভিনেত্রী। তার কথায়, 'আমার বাবা খুব নরম মনের মানুষ ছিলেন। অতিমারির সময়ে প্রতিবেশীর করোনা হয়েছে জেনে খুব উদ্বিগ্ন হয়েছিলেন। তবে আমার মায়ের মন শক্ত।'

হিনা ও তার মা প্রায়ই আলোচনা করেন, বাবা বেঁচে থাকলে কী বলতেন। অভিনেত্রী বলেছেন, 'আমাকে রানির মতো করে রাখতেন বাবা। তাই এই কষ্ট আমার বাবা সহ্য করতে পারতেন না। ভাল হয়েছে, আমাকে বাবার এই ভাবে দেখতে হয়নি।'

তবে এই অসুস্থতার মধ্যেও বাবার উপস্থিতি অনুভব করেছেন তিনি। হিনা বলেছেন, 'বহু বার, আমি আমার চারপাশে বাবাকে দেখেছি। ঘরে যখন কেউ থাকে না, বাবার সঙ্গে আমি কথা বলি। বাবা যেখানে বসতেন, মনে হয় সেখানেই বাবা বসে আছেন।'

## ভিড়ে ধাক্কাধাক্কি, মেজাজ হারালেন শ্রাবন্তী

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



সেলিব্রিটিদের মাঝে মধ্যেই নানা অস্বস্তিকর পরিস্থিতিতে পড়তে হয়। ভক্তদের মাঝে বিপুল পরিমাণ নিরাপত্তারক্ষীর কী প্রয়োজন? এই প্রশ্ন একাধিকবার উঠলেও নানা পরিস্থিতি প্রমাণ করে দেয়, ভিড়ের মাঝে মোটেও তারা নিরাপদ নন। এবার সেই একই ঘটনা ঘটে গেল অভিনেত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায়ের সঙ্গে।

এক অনুষ্ঠানে গিয়ে বিপত্তিতে পড়তে হলো জনপ্রিয় নায়িকাকে। ভিড়ের মাঝে শ্রাবন্তীকে গাড়ি থেকে নামিয়ে মঞ্চ পর্যন্ত নিয়ে যাওয়াই হয়ে উঠেছিল সমস্যার। চারিদিক থেকে ভক্তরা প্রায় জেঁকে ধরল শ্রাবন্তীকে। নিরাপত্তারক্ষীরা তাকে ঘিরে ধরলেও নিস্তার মিলছিল না। সেই ভিড়ের মাঝেই নিজেকে বাঁচিয়ে চলার চেষ্টা করছিলেন শ্রাবন্তী।

তবে তারই মাঝে তাকে অশ্লীলভাবে স্পর্শের চেষ্টা, বিষয়টা সহ্য করতে না পেরেই মেজাজ হারিয়ে মারতে ছোটেন নায়িকা। যদিও তাকে সামলে নিয়ে মঞ্চে ওঠা হয়।

সেই মুহূর্তের ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় রাতারাতি ভাইরাল হয়ে যায়। কোথায় এই ঘটনা ঘটেছে তা সামনে না এলেও এই ঘটনায় নেটপাড়ায় ইতোমধ্যেই শোরগোল শুরু হয়ে গেছে।

## অস্ট্রেলিয়ায় মঞ্চে অপমান, অথচ সেদিনের পারিশ্রমিকই পাননি নেহা!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

অস্ট্রেলিয়ায় গানের অনুষ্ঠানে তিন ঘণ্টা দেরিতে পৌঁছান নেহা কাক্কার। সেই কারণে দর্শকের কাছ থেকে তাকে শুনতে হয় 'গো ব্যাক' স্লোগান। গাইতে গাইতে কেঁদে ফেলেন নেহা। দেরি করে পৌঁছনোর জন্য ক্ষমা চান গায়িকা। তবু মন ভেজেনি শ্রোতাদের। বরং তারা ভারতে ফিরে যাওয়া থেকে নাটক কম করার মতো মন্তব্য করেন। তবে নেহা ওই ঘটনার পর জানিয়েছিলেন, খুব শিগগিরই সত্যিটা প্রকাশ্যে আনবেন।

বৃহস্পতিবার সন্ধ্যায় তার দেরি হওয়ার নেপথ্য কারণ থেকে পারিশ্রমিক না পাওয়ার মতো অভিযোগ আনলেন আয়োজকদের বিরুদ্ধে।

বৃহস্পতিবার সকালে প্রথম পোস্টটি করে ইঙ্গিত দেন নেহা। তিনি লেখেন, সত্যিটা জানার জন্য অপেক্ষা করুন শুধু। সত্যি জানতে পারলে পরে অবশ্যই আপনারা অনুতপ্ত হবেন।

নেহা দ্বিতীয় পোস্টে সত্যিটা প্রকাশ্যে এনে লেখেন, আপনারা কি জানেন, আমি মেলবোর্নে সম্পূর্ণ বিনা পয়সায় অনুষ্ঠান করে এসেছি? অনুষ্ঠানের উদ্যোক্তারা আমাদের টাকা না দিয়ে পালিয়ে যায়। শুধু তাই নয়, আমাদের জল, খাবার, এমনকি হোটেলের ব্যবস্থাও করেননি তারা। আমার স্বামী ব্যান্ডের সহকারীদের টাকা দেওয়ার ব্যবস্থা করেন।

যেকোনো গানের অনুষ্ঠানে গান গাওয়ার আগে বাদ্যযন্ত্র বাজিয়ে দেখে নেওয়া হয়, ঠিকঠাক শব্দ শোনা যাচ্ছে কিনা সবটা বুঝেশুনে নিতে হয়। কিন্তু নেহার সেদিনের অনুষ্ঠানে সেটাও হয়নি। কারণ উদ্যোক্তারা সাউন্ড চেকের জন্য টাকা দেননি।

নেহা জানান, তিনি বুঝে উঠতে পারছিলেন না আদৌ অনুষ্ঠানটা হবে কিনা। কারণ উদ্যোক্তারা ফোন রিসিভ করা বন্ধ করে দেন। এত বাধা পেরিয়ে মঞ্চে ওঠেন নেহা। শুধু তার ভক্তদের কথা ভেবে।

গায়িকা বলেন, এত সমস্যা থাকা সত্ত্বেও আমি কোনোরকম বিশ্রাম না নিয়েই মঞ্চে উঠি। কারণ আমার মাথায় একটা কথাই ঘুরছিল, আমার ভক্তরা আমার জন্য ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করে রয়েছেন।

# ফের চেন্নাইয়ের অধিনায়কত্ব সামলাতে পারেন ধোনি

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




চেন্নাই সুপার কিংসে মাহেন্দ্র সিং ধোনির নেতৃত্বের অধ্যায় শেষ হয়ে গেছে গত আইপিএলের আগেই। তবে আবারও অধিনায়কের ভূমিকায় দেখা যেতে পারে এই কিপার-ব্যাটসম্যানকে। দলটির নিয়মিত অধিনায়ক রুতুরাজ গায়কোয়াড়ের চোট সেই সুযোগ করে দিতে পারে ৪৩ বছর বয়সী ধোনিকে।

গত রোববার রাজস্থান রয়্যালসের বিপক্ষে ব্যাটিংয়ের সময় কনুইয়ে চোট পান রুতুরাজ। শনিবার ঘরের মাঠে দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে তার খেলা নিয়ে রয়েছে সংশয়। তিনি সময়মতো সেরে না উঠলে এই ম্যাচে অধিনায়কত্ব করতে পারেন ধোনি। ম্যাচের আগের দিন তেমনই ইঙ্গিত দিলেন চেন্নাইয়ের ব্যাটিং কোচ মাইক হাসি। রুতুরাজকে নিয়ে অবশ্য আশাবাদী তিনি।

মাইক হাসি জানান, আমরা খুব আশাবাদী যে শনিবারের জন্য গায়কোয়াড় প্রস্তুত হয়ে যাবে। আমার মনে হয় না (অধিনায়কত্ব) নিয়ে আমরা খুব বেশি ভাবছি। আমাদের কিছু তরুণ খেলোয়াড় এসেছে। সে (ধোনি) উইকেটের পেছনে থাকে। হয়তো সে ভালো কাজ করতে পারবে। আমি নিশ্চিত নই। এই ভূমিকায় তার অভিজ্ঞতা আছে, হয়তো সে এটা করতে পারে। তবে সত্যি বলতে আমি ঠিক নিশ্চিত নই।

২০০৮ সালে আইপিএলের শুরু থেকেই চেন্নাইয়ের অধিনায়ক ছিলেন ধোনি। তার নেতৃত্বেই পাঁচবার আইপিএলের শিরোপা জিতেছে দলটি। ২০২২ সালে আসর শুরুর আগে চেন্নাইয়ের নেতৃত্ব থেকে সরে দাঁড়ান ধোনি। পরে সেই দায়িত্ব দেওয়া হয় রাভিন্দ্রা জাদেজাকে। কিন্তু দল ভালো করতে না পারায় টুর্নামেন্টের মাঝপথে নেতৃত্ব ছেড়ে দেন জাদেজা। ফের নেতৃত্বে ফেরানো হয় ধোনিকে। পরের বছর দলকে পঞ্চম শিরোপা এনে দেন তিনি।

২০২৪ আইপিএলে নিজেদের প্রথম ম্যাচের একদিন আগে ধোনির জায়গায় রুতুরাজকে অধিনায়কত্ব দেওয়ার কথা জানায় চেন্নাই। আইপিএল ও চ্যাম্পিয়ন্স লিগ টি-টোয়েন্টি মিলিয়ে চেন্নাইকে ২৩৫ ম্যাচে নেতৃত্ব দিয়েছেন ধোনি। সেখানে তার জয় ১৪২টি। ২০১৬ ও ২০১৭ আইপিএলে চেন্নাই নিষিদ্ধ থাকার সময় রাইজিং পুনে সুপারজায়ান্টসকে নেতৃত্ব দিয়েছিলেন তিনি।

# রোনালদোর জোড়া গোল, আল-হিলালকে হারালো আল-নাসর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



সৌদি প্রো লিগে ক্রিশ্চিয়ানো রোনালদোর জোড়া গোলে চিরপ্রতিদ্বন্দ্বী আল-হিলালকে হারালো আল-নাসর। গুরুত্বপূর্ণ ৩ পয়েন্ট আদায় করে লিগের লড়াইয়েও টিকে রইলো তারা। শুক্রবার (৪ এপ্রিল) রাতে আল-হিলালকে ৩-২ গোলে হারিয়েছে আল-নাসর।

আক্রমণ-পাল্টা আক্রমণে শুরু থেকেই জমে উঠে ম্যাচ। দ্বিতীয় মিনিটেই ডিফেন্ডারের নৈপুণ্যতায় গোল হজম থেকে রক্ষা পায় আল-নাসর। ২৬তম মিনিটে পেনাল্টি এরিয়ার কাছে বল পেয়েও জালে জড়াতে ব্যর্থ হন নাসরের জন ডুরান। শেষমেশ প্রথমার্ধের যোগ করা সময়ে গোলের দেখা পান রোনালদোরা। প্রতিপক্ষের মাঠে আল-নাসরকে লিড এনে দিয়েছিলেন আলি আলহাসান। কর্নার থেকে পাওয়া বল ডি-বক্সের বাইরে থেকে বাঁকানো ক্রসে জালে জড়ান মিডফিল্ডার আলহাসান। বিরতি থেকে ফিরেই ব্যবধান বাড়িয়ে নেয় আল-নাসর। এবার গোল করেন রোনালদো। ডানপ্রান্ত ধরে আক্রমণে উঠে বক্সে ঢুকে পাস দেন সাদিও মানে। পেনাল্টি এরিয়ার সামনে বল পেয়ে বাঁ পায়ের জোরালো শটে জাল কাঁপান পর্তুগিজ বরপুত্র।

৬২তম মিনিটে একটি গোল শোধ করে আল-হিলাল। কর্নার থেকে আসা ক্রস বক্সে পেয়ে হেডে জালে জড়ান আলি আলবুলায়হি। তবে তারা সমতায় ফেরার সুযোগ পায়নি। উল্টো ৮৮তম মিনিটে পাওয়া পেনাল্টি থেকে গোল করে দলের জয় নিশ্চিত করেন রোনালদো।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR